গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।
dsherangpurzone.rangpurdiv.gov.bd

স্মারক নং: মাউশি/রং/আ.পরি./২০২৬/ ৩৭১১ তারিখ: ২৫/০৬/২০২৬খ্রি.

বিষয় ঃ আশালীন ছবির সাথে কারো ছবি যোগ করে অনলাইনে ছড়িয়ে দিলে সাইবার পুলিশ সেন্টার (সিপিসি) এর লিফলেট দুটি, প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রদর্শন করা প্রসঙ্গে।

সূত্র: সাইবার পুলিশ সেন্টার (সিপিসি), সিআইডি, বাংলাদেশ, ঢাকা এর বার্তা; তারিখ: ২৫/০৬/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের কোন ব্যক্তির আশালীন ছবির সাথে কারো ছবি যোগ করে অনলাইনে ছড়িয়ে দিলে সাইবার পুলিশ সেন্টার (সিপিসি) এর লিফলেট দুটি, প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: দুইটি লিফলেট।

২৫.০৬.২৬
প্রফেসর মো: গোলাম মাজেদ (১৭০১৪)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

১। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।
২। উপপরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।
৪। প্রধান শিক্ষাক সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।

স্মারক নং: মাউশি/রং/আ.পরি./২০২৬/ ৩৭১১ (৫৭) তারিখ: ২৫/০৬/২০২৬খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। ডিআইজি, রংপুর রেঞ্জ, রংপুর।
৩। জেলা প্রশাসক, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।
৪। পুলিশ সুপার, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর (সকল)।
৬। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৭। সহকারি পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৮। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর (প্রাপকগণকে ই-মেইল প্রেরণের অনুরোধসহ)।
৯। অফিস নথি।

২৫.০৬.২৬
প্রফেসর মো: গোলাম মাজেদ (১৭০১৪)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

## অশালীন ছবির সাথে কারো ছবি যোগ করে অনলাইনে ছড়িয়ে দিলে করণীয়:

- অশালীন পোস্টটির ডানদিকে তিনটি ডট (...) চিহ্নিত আইকনে ক্লিক করে Find Support or Report Post এ ক্লিক করুন।
- অপশনে থাকা বিভিন্ন ইস্যু, যেমন: Fake News, Nudity, Violence, Harassment ইত্যাদির মধ্য থেকে উপযুক্ত বিষয়টি নির্বাচন করুন।
- ভুক্তভোগী নিজে কিংবা তাঁর ফেসবুক বন্ধুরা Me/My Friend থেকে উপযুক্ত অপশনটি নির্বাচন করে মিথ্যা বা মানহানিকর পোস্টটির বিরুদ্ধে রিপোর্ট করতে পারেন।
- উক্ত পোস্টটির লিংকসহ এবং পোস্ট প্রদানকারী একাউন্টটির প্রোফাইল লিংক সংগ্রহ করে অনতিবিলম্বে নিকটস্থ থানায় অভিযোগ করুন।
- প্রয়োজনে সিআইডি'র সাইবার পুলিশ সেন্টারে আপনি সরাসরি নিজে এসে অভিযোগ জানাতে পারেন অথবা নিম্নবর্ণিত হটলাইন নম্বরে কল করে আপনার অভিযোগ জানাতে পারেন।

**সিপিসি হটলাইন**

০১৩২০০১০১৪৬
০১৩২০০১০১৪৭
০১৩২০০১০১৪৮


**মিসিং চিলড্রেন হটলাইন**
১৩২১৯/ ০১৩২০-০১৭০৬০

**আসক্তিতে ডুবে করছেন নিজের ক্ষতি ভেবে কী দেখেছেন কী হবে পরিণতি?**

# সাইবার পুলিশ সেন্টার, হয়রানি রোধে হাতিয়ার

**সিপিসি হটলাইন ঃ ০১৩২০০১০১৪৬-৪৮**

ফোন করুন, যেখানে একটি সমাধান আছে



সচেতন হই, সচেতন করি, নিরাপদ সাইবার স্পেস গড়ি

**সাইবার পুলিশ সেন্টার (সিপিসি)**
**সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা**

প্রচারে: সিআইডি, রংপুর মোবাইল ঃ ০১৩২০-০১১৭০৪

www.cid.gov.bd
https://www.facebook.com/cpccidbdpolice
cyber@police.gov.bd.

## সতর্কতা

- সচেতনতাই সাইবার নিরাপত্তার প্রথম ধাপ।
- অনলাইন পাসওয়ার্ড ন্যূনতম ৮ ডিজিটে করুন।
- অনলাইন পাসওয়ার্ডে Small Letter, Capital Letter, Symbol, Number ব্যবহার করুন।
- নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন করুন।
- বায়োমেট্রিক পদ্ধতিতে ডিজিটাল ডিভাইস সমূহের পাসওয়ার্ড সুরক্ষিত রাখুন।
- সোশ্যাল মিডিয়ায় লগ ইন অপশনসমূহে টু-ফ্যাক্টর অথেন্টিকেশন চালু রাখুন।
- ব্যক্তিগত পাসওয়ার্ড, পিন কোড, ওটিপি কোড অবস্থাতেই শেয়ার করবেন না।
- সন্দেহজনক লিংক ও ইমেইল ওপেন করবেন না।
- অনলাইনে ফেইক বিজ্ঞাপণ সম্পর্কে সর্তক থাকুন।
- শুধুমাত্র বৈধ অ্যাপস্ ও সফটওয়্যার ব্যবহার করুন।
- নিরাপত্তার স্বার্থে মোবাইলের স্ক্রিন লক রাখুন।

সাইবার হামলার ভয়াবহতা, রুখতে পারে সচেতনতা

## খেয়াল রাখুন

- অন্যের বায়োমেট্রিক সিম ব্যবহার দন্ডনীয় অপরাধ।
- বিকাশ, নগদ, রকেট ইত্যাদি অ্যাপস্ ব্যবহারে সচেতন থাকুন।
- অনলাইন ক্রয় ও বিক্রয়ে অগ্রিম লেনদেন কে না বলুন।
- আপত্তিকর কোন ছবি মোবাইল ও অ্যাপস্ হতে শেয়ার করা থেকে বিরত থাকুন।
- অতি গোপনীয় ও ব্যক্তিগত তথ্য অনলাইনে শেয়ার করবেন না।
- অপরিচিত ব্যাক্তির ফ্রেন্ড রিকোয়েস্ট এক্সেপ্ট করবেন না।
- ভার্চুয়াল প্লাটফর্মে ঘনিষ্ঠ সম্পর্কে জড়াবেন না।
- রাষ্ট্রীয় ও ধর্মীয় উস্কানিমূলক পোস্টে লাইক, কমেন্টস্ ও শেয়ার করা থেকে নিজেকে সংযত রাখুন।
- ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম প্রভৃতি সোশ্যাল মিডিয়ায় প্রোফাইল লক অপশন ব্যবহার করুন।
- নিজের ব্যক্তিগত ডিভাইস অন্যকে ব্যবহার করতে দেয়া থেকে বিরত থাকুন।
- ব্যক্তিগত ব্যাংক একাউন্ট হতে অপরিচিত ব্যক্তির ব্যাংক একাউন্টে লেনদেন করবেন না।

প্রয়োজনে-পুলিশ, এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস- ৯৯৯